

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৫১৩

৮৩/ ফায়ায়েল (كتاب الفضائل)

পরিচ্ছেদঃ ৪৩/৩০. নবী (ﷺ)-এর নবুয়াতের মোহর, তার বর্ণনা এবং তা শরীরের কেন স্থানে ছিল তার প্রমাণ।

إِثْبَاتُ خَاتَمِ النَّبُوَّةِ وَصَفَتِهِ وَمَحْلِهِ مِنْ جَسْدِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

حَدِيثُ السَّائِبِ بْنِ يَزِيدَ، قَالَ: ذَهَبَتْ بِي خَالَتِي إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَتْ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ ابْنَ أَخِتِي وَجَعَ فَمَسَحَ رَأْسِي، وَدَعَا لِي بِالْبَرَكَةِ، ثُمَّ تَوَضَّأَ، فَشَرِّبَتْ مِنْ وَضُوئِهِ، ثُمَّ قَمْتُ خَلْفَ ظَهْرِهِ، فَنَظَرَتُ إِلَى خَاتَمِ النُّبُوَّةِ بَيْنَ كَتْفَيْهِ، مِثْلَ زِرِّ الْحَجَّةِ

বাংলা

১৫১৩. সায়িব ইবনু ইয়াযীদ (রাঃ) বলেনঃ আমার খালা আমাকে নিয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট উপস্থিত হয়ে বললেনঃ 'হে আল্লাহর রাসূল! আমার ভাগিনা অসুস্থ'। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার মাথায় হাত বুলালেন এবং বরকতের দুআ করলেন। অতঃপর উয়ু করলেন। আমি তাঁর উয়ুর (অবশিষ্ট) পানি পান করলাম। তারপর তাঁর পিছনে দাঁড়ালাম। তখন আমি তাঁর উভয় কাঁধের মধ্যস্থলে নুরুওয়াতের মোহর দেখতে পেলাম। তা ছিল পর্দার ঘুষ্টির মত।

ফুটনোট

সহীলুল বুখারী, পর্ব ৪: উয়ু, অধ্যায় ৪০, হাঃ ১৯০; মুসলিম, পর্ব ৪৩: ফায়ায়েল, অধ্যায় ৩০, হাঃ ২৩৪৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ সায়িব ইবনু ইয়াযীদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=84741>

৬ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন